

৯৮ নং

তাল--গড়খেম্টা

পবিত্র চরিত্র ধনে বঞ্চিত এ জীবন ।

করলে ব্যভিচারী, চুয়াচুরী, কোথায় মিলবে সে

পরম রতন ॥

- ১। চরিত্র পবিত্র যাঁহার রয়, রাজার রাজা মহাতেজা  
নাই তাঁর কোন ভয়,  
তেজে তাঁর পাপ কলি সব হয় দমন,  
দেখি, তাঁর চরণে জগৎ লোটায় ॥
- ২। প্রমাণ তার ভীষ্ম মহাবীর, যাঁর বাক্য রাখতে  
বাক্য নষ্ট করলেন যদুবীর,  
কুরুক্ষেত্রের রণে যাঁর কারণে—  
স্বহস্তে ধরলেন কৃষ্ণ সুদর্শন-॥
- ৩। আর এক প্রমাণ রয়' সে পুরাণে, সাধু বিষুণশর্মা  
স্বর্গে গেল সুধার কারণে,  
ইন্দ্র বিরোধ করে, সাধুর সনে—  
শেষে পায় প'ড়ে তার লয় শরণ ॥
- ৪। পবিত্র চরিত্র কিসে রয়, ভবে পিতৃধন যে ঠিক রাখিয়ে  
বাক্য সত্য কয়,  
জানি হরি থাকে তেমনি হৃদয়ে,  
তাঁরে বান্ধে নারে কাল শমনে ॥
- ৫। গুরুচাঁদের মধুর ভারতী, ভাল হও রে জগতের জীব  
চাও যদি গতি,  
গোপালচাঁদ কয় দিবা-রাতি, মহানন্দ ভাল হ' এখন ॥  
—মহানন্দ হালদার

